তারিখ ... 16 MAR 2017 ... পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ......

যুগান্তর

পিডিশন প্রধান

# মাতৃভাষায় শিক্ষার ব্যবহারিক প্রয়োগ থাকা জরুরি

দেশের পাঁচটি ক্ষুদ্র জাতিসত্তার প্রাক-প্রাথমিক স্তরের মাতৃভাষায় বই সরবরাহের খবর পত্রিকায় বেরিয়েছে? তার মধ্যে সাঁওতাল ভাষার লিপির বিষয়টি সুরাহা না হওয়ায় তাদের জন্য বই ছাপা হয়নি? উপযুক্ত শিক্ষকের অভাবের খবরও বলা আছে? দেশের সংখ্যালঘু জাতিগুলোর প্রাক-প্রাথমিক শিক্ষায় মাতৃভাষা ব্যবহারের ক্ষেত্রে প্রচলিত রোমান হরফ ব্যবহারের বিষয়ে সাঁওতালদের আন্দোলনের খবর পত্রিকায় এসেছিল দিন কয়েক আগে? সাঁওতালদের দাবি, প্রচলিত হরফে অর্থাৎ বর্তমানে ব্যবহৃত রোমান হরফেই তাদের মাতৃভাষার পাঠ্যপুস্তকের লিপি হবে? দেশের সংখ্যালঘু জাতিসত্তার মানুষদের জন্মলগ্ন থেকেই নিজের মাতৃভাষা ছাড়াও 'দাফতরিক ভাষা' এবং অন্যান্য ভাষা শিখতে হয়? বিদ্যালয়ের একজন শিক্ষার্থীর ক্ষেত্রে এর সংখ্যা আরও বেড়ে যায়? পাঠ্যসূচির জ্ঞানার্জনের পাশাপাশি কয়েকটি ভাষা দখলে নেয়ার বা রপ্ত করার চাপটা তাদের ওপর থাকে? এ অবস্থায় প্রচলিত বা ব্যবহৃত বর্ণমালা বাদ দিয়ে নতুন বর্ণমালা ব্যবহার করে নতুনভাবে শেখা বাস্তবতার বিবেচনায় কতটুকু সঙ্গত, তা ভেবে দেখার বিষয়?

দেশে জাতিগত সংখ্যালঘুদের ভাষার প্রসঙ্গ এলেই অনেকে হরফে বা বর্ণমালার বিষয়ে প্রশ্ন তোলেন? পৃথিবীর অন্য বহু সমৃদ্ধ ভাষার মতো এদেশের অনেকগুলো ভাষায় বর্ণমালা হিসেবে কিঞ্চিৎ পরিবর্তিত রোমান হরফ ব্যবহার হচ্ছে? যে কারণেই হোক বিশ্বের অনেক অঞ্চলের মতো এ উপমহাদেশেও কালক্রমে, বিবর্তনের ফলে বা আধিপত্যের কারণে বহু ভাষায় নিজেদের লিপির জায়গায় রোমান হরফ স্থান করে নিয়েছে? ভাষার সঠিক উচ্চারণ এবং ভাব প্রকাশের সুবিধার্থে এবং বর্ণ বা বর্ণমালার সহজলভ্যতা কিংবা সাদৃশ্যের কারণে পরিবর্তিত রোমান বা অন্য হরফ বহু ভাষার লিখিত রূপ ধারণ করেছে?

আমি ব্যক্তিগতভাবে কয়েকটি ভাষা শেখার ফলে সামান্য হলেও যে কোনো ভাষা উচ্চারণ, বলা, লেখা বা যোগাযোগের ক্ষেত্রে সমস্যা, সহজবোধ্যতা বা প্রকাশের সহজ উপায় ইত্যাদি বিষয় উপলব্ধি করার সুযোগ হয়েছে আমার? বিশ্ববিদ্যালয়ে পঠিত বিষয়ের অনুষঙ্গ হিসেবে বিদেশী ভাষা শেখার বাধ্যবাধকতার পাশাপাশি নিজের উৎসাহ ও ভাষার প্রতি ভালোবাসার কারণে আরও কয়েকটি বিদেশী ভাষা শেখার সুযোগ হয়েছে? বিভিন্ন ভাষার অন্তর্নিহিত সৌন্দর্য্য, মাধুর্য ও প্রকাশভঙ্গির বিভিন্ন কৌশল দেখা বা অনুভব করার পাশাপাশি পৃথিবীর এক প্রান্তের মানুষের ভাষার সঙ্গে অন্য প্রান্তের মানুষের ভাষার কিছু শব্দের, উচ্চারণ, বানান ও অর্থের অদ্ভুত সাদৃশ্য দেখেছি? বিভিন্ন ভাষায় সঠিক ভাব প্রকাশ করার জন্য নতুন বা বিশেষ বর্ণমালা সৃষ্টি হয়েছে? ভাষাগুলোয় রোমান হরফ ব্যবহার হলেও এর ব্যবহারকারীরা নিজেদের ভাষার শব্দগুলোর সঠিক উচ্চারণ ও ধ্বনি প্রকাশের জন্য নতুন বর্ণ বা বর্ণমালা সৃষ্টি করেছে?

ভাষা ও সমাজ গভীরভাবে সম্পর্কিত? ভাষা আত্মপরিচয়ের একটি শক্তিশালী নির্ধারক, এর মাধ্যমে সামাজিক পরিচয় গঠিত হয়? ভাষা একটি শিশুর সঙ্গে তার নাড়ির সম্পর্ক স্থাপন করে? বিগত দশকগুলোতে জাতীয়তাবাদের ধারণার ফলে নিরপেক্ষতা বা সর্বজনীনতার নামে 'সর্বজনীন সংস্কৃতি' ও প্রধান ভাষার ওপর জোর দেয়ার কারণে অন্যান্য সংখ্যালঘু জাতিসত্তার ভাষার ব্যবহার ও ক্ষেত্র আরও সংকুচিত হয়ে পড়েছে?

বিশ্বে একক ভাষাভাষীর দেশ থাকলেও তা ব্যতিক্রমী ঘটনা, অধিকাংশ দেশই বহু ভাষাভাষীর? দক্ষিণ আফ্রিকায় ১১টি দাফতরিক ভাষা বিদ্যমান। সুইজারল্যান্ডে চারটি জাতীয় ভাষা আছে, যদিও তার মধ্যে তিনটি দাফতরিক ভাষা হিসেবে প্রচলিত? প্রতিবেশী দেশ ভারতে ২২টি ভাষা দাফতরিক ভাষা হিসেবে স্বীকৃত? বহু আফ্রিকান দেশে একাধিক দাফতরিক ভাষার প্রচলন আছে? ইউরোপের বিভিন্ন দেশে সেই দেশগুলোর আদিবাসীদের ভাষা বিভিন্ন ক্ষেত্রে ব্যবহার করা হচ্ছে? গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে দেশের সব নাগরিকের মাতৃভাষার যথাযথ মর্যাদা বা অধিকার দেয়ার কথা থাকলেও তেমনটি হয়ে ওঠেনি আজও? সরকারি বা বেসরকারিভাবে মাতৃভাষায় প্রাথমিক শিক্ষা প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে? যদিও কিছু কিছু জাতিসত্তা অতীতকাল থেকেই নিজেদের উদ্যোগে বিদ্যালয়ের নিয়মিত পাঠ্যসূচির পাশাপাশি নিজেদের ভাষায় অর্থাৎ মাতৃভাষায় প্রাথমিক শিক্ষা গ্রহণের ব্যবস্থা করে আসছে, যেমন, সিলেট বিভাগের বিভিন্ন খাসি এলাকায় খাসিরা তাদের ছেলেমেয়েদের পাঠ্যসূচির মাধ্যমে মাতৃভাষা শিক্ষার কাজটি নিজেদের উদ্যোগে করে আসছে? তা যে সে ভাষার চর্চা বা বিকাশে খুব সহায়ক হয়েছে, তা নয়? মাতৃভাষায় প্রাথমিক শিক্ষার বিষয়ে কার্যকর কৌশল, ব্যবহারিক প্রয়োগ, সঠিক বা প্রকৃত তথ্য বা ধারণা না থাকায় অনেক সময় সদিচ্ছা থাকলেও এর প্রকৃত উদ্দেশ্য বা লক্ষ্য অর্জন হয়নি? মাতৃভাষায় শিক্ষাকে সমস্যা হিসেবে না দেখে অধিকার ও সম্পদ হিসেবে দেখতে হবে? গবেষণায় দেখা গেছে, পাঠ্যপুস্তকের ভাষার পাশাপাশি মাতৃভাষায় দক্ষতা অর্জনের ফলে শ্রমবাজার বা অন্য কর্মকাণ্ডে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি হয়, যা দেশের অর্থনীতিতে সুফল বয়ে আনে?

এ ছাড়া বিষয়টি নিয়ে কাজ করার আগে একটি জাতির ভাষা, ঐতিহ্য, সংস্কৃতি, বিশেষ করে সে জাতির ভাষার ইতিহাস এবং এর ব্যবহাররীতি সম্পর্কে জানা গুরুত্বপূর্ণ? সংখ্যালঘু জাতিসত্তাগুলোর ভাষা নিয়ে বিভিন্ন সময়ে বিভিন্ন জনের আলোচনা বা বক্তব্য থেকে তাদের এ সম্পর্কে অজ্ঞতা এবং ভ্রান্ত ধারণা বা জ্ঞানের পরিধি বুঝতে পারি? ভাষার সঠিক উচ্চারণ বা ধ্বনি তথা ভাব প্রকাশ করার বিষয়টি স্পষ্টভাবে ব্যাখ্যা করার কারণে এক আলোচনা সভায় জনৈক 'প্রগতিশীল' কবি বেজায় ক্ষেপে গিয়ে অপ্রাসঙ্গিকভাবে অশালীন ভাষা ব্যবহার করেছিলেন? অন্য এক আলোচনা সভায় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষক 'চাকমা ভাষা'কে বাংলা ভাষার আঞ্চলিক রূপ বলে মত প্রকাশ করেছিলেন! তাদের করুণা ছাড়া করার কিছু নেই?

মাতৃভাষায় শিক্ষার ব্যবহারিক প্রয়োগ থাকাটা বাঞ্ছনীয়। এর ফলে শিক্ষার্থীরা উৎসাহিত হবে ভাষা শিখতে বা মাতৃভাষায় পড়াশোনা করতে? সাংস্কৃতিক ক্ষেত্রে গবেষণার সুযোগ সৃষ্টি করে, এমনকি সাহিত্য চর্চায় পুরস্কার প্রবর্তনের মাধ্যমেও ভাষাচর্চার ক্ষেত্রে উৎসাহিত বা উদ্বুদ্ধকরণের কাজটি করা যেতে পারে? প্রয়োজন জাতিসত্তাগুলোর শিক্ষার্থীদের জন্য বিদ্যালয়, কলেজ, এমনকি বিশ্ববিদ্যালয় পর্যায়ে নিজ মাতৃভাষা চর্চার উপযুক্ত পরিবেশ ও সুযোগ? সেভাবে ব্যবহারিক ক্ষেত্রে প্রয়োগ থাকলে মাতৃভাষায় শিক্ষা গ্রহণের বিষয়টি এগিয়ে যাবে?

মাতৃভাষায় প্রাক-প্রাথমিক শিক্ষার উদ্যোগ গ্রহণ করে কিছু দেশ সফলতা দেখিয়েছে? এ ক্ষেত্রে প্রশান্ত মহাসাগরীয় দ্বীপরাষ্ট্র পাপুয়া নিউগিনির কথা বলা যায়? ছোট এ দেশে পৃথিবীর অন্য যে কোনো দেশের চেয়ে ব্যবহৃত ভাষার সংখ্যা বেশি? অস্ট্রেলিয়ার উত্তরে অবস্থিত এ দেশে বিশ্বের সাড়ে ৬ হাজারেরও বেশি ভাষার মধ্যে ৮০০টি ব্যবহার হয়? পাপুয়া নিউগিনি শিক্ষা বিভাগের রিপোর্ট অনুযায়ী দেশে ৪ শতাধিক ভাষায় প্রাথমিক শিক্ষা দেয়া হচ্ছে?

তবে প্রতিটি দেশের আর্থসামাজিক প্রেক্ষাপটের ভিন্নতার কারণে নিজস্ব কৌশল বের করতে হবে কীভাবে ভাষাচর্চার ব্যবস্থা করে নিজ দেশের বৈচিত্র্যময় সাংস্কৃতিক চরিত্র ধরে রাখা যায়? সংশ্লিষ্ট সর্বস্তরের ব্যাপক অংশগ্রহণের মাধ্যমে আলোচনা, পরামর্শ, বাস্তব পরিকল্পনা এবং জাতীয় ও স্থানীয় প্রয়োজন এবং সেই ভাষাভাষী মানুষের পছন্দ ও অংশগ্রহণের বিষয়টি গুরুত্বপূর্ণ? স্থানীয় শিক্ষককে নিয়োজিত করা, সহজ উপকরণের ব্যবহার, শিক্ষাপদ্ধতি সহজীকরণ এবং স্থানীয় সংগঠনের সহযোগিতাও গুরুত্বপূর্ণ? একজন সক্রিয় নাগরিক গড়ার স্বার্থে সব শিক্ষার্থীর জন্য সমান সুযোগ সৃষ্টির মাধ্যমেই প্রত্যেক নাগরিকের সমান অধিকারের বিষয়টি প্রতিষ্ঠিত করা সম্ভব? রাষ্ট্রের দায়িত্ব এমন শিক্ষাব্যবস্থা গ্রহণ করা যেখানে বহু ভাষাভাষী হওয়াটা 'প্রয়োজনীয়তার' মধ্যেই পড়বে?

**পিডিশন প্রধান :** *সভাপতি, বৃহত্তর সিলেট আদিবাসী ফোরাম*